

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৯৮৪

২৭/ আদব

পরিচ্ছেদঃ গীবতে (পরচর্চায়) অংশগ্রহণ করা হারাম। যার নিকট গীবত করা হয় তার উচিত গীবতকারীর তীব্র প্রতিবাদ করা এবং তার সমর্থন না করা। আর তাতে সক্ষম না হলে স□ম্ভব হলে উক্ত সভা ত্যাগ করে চলে যাওয়া যে কথা আসলে গীবত নয়

আরবী

وَعَنْ زَيد بنِ أَرْقَمَ قَالَ: خَرَجْنَا مَعَ رَسُولِ اللهِ عَلَيْ فِي سَفَرِ أَصَابَ النَّاسَ فِيهِ شِدَّةٌ فَقَالَ عَبدُ اللهِ بنُ أُبيّ: لاَ تُنْفِقُوا عَلَى مَنْ عِندَ رَسُولِ اللهِ حَتَّى يَنْفَضُوا وَقَالَ: لَئِنْ رَجَعْنَا إِلَى المَدِينَةِ لَيُخْرِجَنَّ الأَعَنُّ مِنْهَا الأَذَلَّ فَأَتَيْتُ رَسُولِ اللهِ عَلَيْ فَأَخْبَرْتُهُ بِذَٰلِكَ وَجَعْنَا إِلَى المَدِينَةِ لَيُخْرِجَنَّ الأَعَنُّ مِنْهَا الأَذَلَّ فَأَتَيْتُ رَسُولَ اللهِ عَلِي فَأَخْبَرْتُهُ بِذَٰلِكَ فَأَرْسَلَ إِلَى عَبدِ اللهِ بنِ أُبِي فَاجْتَهَدَ يَمِينَهُ: مَا فَعلَ فَقَالُوا: كَذَبَ زَيدٌ رَسُولَ اللهِ عَلَيْ فَقَالُوا: كَذَبَ زَيدٌ رَسُولَ اللهِ عَلَيْ فَقَالُوا اللهِ عَلَيْ فَقَالُوا عَلَى عَبدِ اللهِ عَلَيْ اللهُ عَلَيْهِ فَعَلَ فَقَالُوا عَلَى تَصنديقِي: إِذَا جَاءكَ المُنَافِقُونَ ثُمَّ ذَعَاهُمُ النَّبِيُ عَلِيْ لِيَسْتَغْفِرَ لَهُمْ فَلَوَّوْا رُوهُ وسَهُمْ متفق عَلَيْهِ

বাংলা

(২৯৮৪) যায়েদ ইবনে আরকাম (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমরা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে এক সফরে বের হলাম, যাতে লোকেরা সাংঘাতিক কন্ট পেয়েছিল। আব্দুল্লাহ ইবনে উবাই (মুনাফিকদের সর্দার, স্বমতাবলম্বী লোকদেরকে সম্বোধন ক'রে) বলল, 'তোমরা আল্লাহর রসূলের সঙ্গীদের জন্য ব্যয় করো না, যতক্ষণ না তারা সরে দাঁড়ায়।' এবং সে আরো বলল, 'আমরা মদীনায় ফিরে গেলে সেখান হতে সম্মানী অবশ্যই হীনকে বহিষ্কার করবে।' (যায়েদ বলেন,) আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে তা জানিয়ে দিলাম। সুতরাং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আব্দুল্লাহ ইবনে উবাইকে ডেকে পাঠালেন।

আব্দুল্লাহ ইবনে উবাই (কিন্তু) বারবার শপথ ক'রে বলল যে, সে তা বলেনি। লোকেরা বলল, 'যায়েদ রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কে মিথ্যা কথা বলেছে।' (যায়েদ বলেন,) লোকেদের কথা শুনে আমার মনে অত্যন্ত দুঃখ হল। অবশেষে আল্লাহ আমার কথার সত্যতায় সূরা 'ইযা জা-আকাল মুনাফিকূন' অবতীর্ণ করলেন। তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (আল্লাহর নিকট) তাদের জন্য ক্ষমা প্রার্থনার উদ্দেশ্যে তাদেরকে ডাকলেন। কিন্তু তারা নিজেদের মাথা ফিরিয়ে নিল।



ফুটনোট

(বুখারী ৪৯০৩, মুসলিম ৭২০০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু আরকাম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন